দৈনিক সংবাদ

24 JUL 1997

তারিখ ... 24 JUL 1997 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

রাধাসুন্দরী বালিকা উচ্চ বিদ্যালয়

এসএসসি পরীক্ষায় কোন ছাত্রী পাস করেনি ।। প্রধান শিক্ষিকার কক্ষে তালা দিয়েছে অভিভাবকরা

ময়মনসিংহ, ২৩শে জুলাই (জেলা বার্তা পরিবেশক)।– ময়মনসিংহ শহরের ঐতিহ্যবাহী রাধা সুন্দরী বালিকা উচ্চ বিদ্যালয় হতে এসএসসি পরীক্ষায় কোন ছাত্রী কৃতকার্য হতে পারেনি। ফলে বিক্ষুব্ধ অভিভাবকগণ স্কুলের প্রধান শিক্ষিকার কক্ষে তালা ঝুলিয়ে দিয়েছেন এবং প্রধান শিক্ষিকার পদত্যগ দাবি করেছেন।

ময়মনসিংহ শহরের ঐতিহ্যবাহী রাধা সুন্দরী উচ্চ বালিকা বিদ্যালয়টির দিন দিন পড়ালেখার মান নিচে নেমে আসছে। গত বছর এসএসসি পরীক্ষায় ফলাফল সন্তোষজনক ছিল না। এ বছর উক্ত বিদ্যালয় হতে কোন ছাত্রী এসএসসি পরীক্ষায় পাস করতে পারেনি। এছাড়া রাধা সুন্দরী উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা লুৎফুন্নেছা সিদ্দিকীর বিরুদ্ধে ব্যাপক দুর্নীতি ও অর্থ আত্মসাতের অভিযোগ রয়েছে।

এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হবার পর গত ১১ই জুলাই ছাত্রী, অভিভাবক ও শিক্ষানুরাগীরা স্কুল চত্বরে এক সমাবেশের আয়োজন কর। এতে সভাপতিত্ব করেন এডভোকেট শামসুল হক। বক্তব্য রাখেন রাধা সুন্দরী উচ্চ বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সহ–সভাপতি সালেহজ্জামান খান, অলক সাহা, স্বপন সরকার, আসকর আলী, এম এ মান্নান ও নির্মল নন্দী। বক্তাগণ প্রধান শিক্ষিকার ব্যাপক অনিয়ম, দুর্নীতি ও অসদাচরণের অভিযোগ তুলে বলেন, প্রধান শিক্ষিকার জন্য স্কুলের শিক্ষার মান ও স্কুলের ব্যবস্থাপনা ব্যাহত হচ্ছে। এতে ছাত্রীদের শিক্ষাক্ষেত্রে চরম অব্যবস্থার সৃষ্টি হচ্ছে। অবিলম্বে প্রধান শিক্ষিকার অপসারণ দাবি জানানো হয়। সভাশেষে বিক্ষুব্ধ ছাত্রীদের অভিভাবকগণ স্কুলের প্রধান শিক্ষিকার কক্ষে তালা ঝুলিয়ে দেন।

৬৭